

এইচএসসির স্থগিত হওয়া পরীক্ষার নতুন তারিখ ঘোষণা

কুমিল্লা প্রতিনিধি



সংযুক্ত ছবি

প্রাকৃতিক দুর্ঘটনার কারণে কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে গত ১০

জুলাইয়ের স্থগিত হওয়া ফেনী, নোয়াখালী, চাঁদপুর, লক্ষ্মীপুর,

ব্রাক্ষণবাড়িয়া ও কুমিল্লা জেলার এইচএসসির পরীক্ষার নতুন

তারিখ ঘোষণা করা হয়েছে।

আগামী ১২ আগস্ট সকাল ১০টায় স্থগিত হওয়া বিষয়গুলোর

পরীক্ষা অনুষ্ঠিত হবে।

রবিবার (২০ জুলাই) দুপুর ২টায় কুমিল্লা শিক্ষা বোর্ডের

চেয়ারম্যান প্রফেসর মো. শামছুল ইসলাম কালের কঠিকে এ তথ্য

নিশ্চিত করেছেন।

শ্রদ্ধা



ময়মনসিংহে সাবেক চেয়ারম্যান, কাউন্সিলরসহ গ্রেপ্তার

৩

তিনি জানান, কুমিল্লা বোর্ডের অধীনে থাকা ৬ জেলার কয়েকটিতে
হঠাতে বন্যা পরিস্থিতি অবনতি হলে জরুরি সিদ্ধান্তে গত ১০
জুলাইয়ের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়।

বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক থাকায় স্থগিত হওয়া বিষয়গুলো
আগামী ১২ আগস্ট সকাল ১০টায় অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত নেওয়া
হয়েছে। সকল শিক্ষার্থীকে যথানিয়মে পরীক্ষার প্রস্তুতি গ্রহণ করার
অনুরোধ জানান প্রফেসর মো. শামছুল ইসলাম।

স্থগিত পরীক্ষার মধ্যে ছিল পদাৰ্থবিজ্ঞান (তত্ত্বীয়) ১ম পত্র,
হিসাববিজ্ঞান ১ম পত্র এবং যুক্তিবিদ্যা ১ম পত্র।